রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৩, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৮১-আইন/২০১৯/৪৫/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 219 এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ক তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট পোষাক বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জাতীয় রাজস্ব বোর্ডের অধীন কাস্টমস ও ভ্যাট বিভাগে কর্মরত সেপাই, সাব-ইন্সপেক্টর, সহকারী রাজস্ব কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী কমিশনার, ডেপুটি কমিশনার, যুগ্ম কমিশনার, অতিরিক্ত কমিশনার ও কমিশনার এবং সমপদমর্যাদার অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কর্মকর্তা ও কর্মচারী" অর্থ বিধি ১ এর উপ-বিধি (২) এ উল্লিখিত কর্মকর্তা ও কর্মচারী ;

(খ) "গ্রীষ্মকাল" অর্থ গ্রেগোরিয়ান ক্যালেন্ডার বৎসরের মার্চ হইতে অক্টোবর মাস পর্যন্ত সময়কাল ;

(গ) "টেবিল" অর্থ বিধিমালার কোনো টেবিল ;

(ঘ) "পরিশিষ্ট" অর্থ এই বিধিমালার কোনো পরিশিষ্ট ;


মূল্য : টাকা ২০.০০

(ঙ) “বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো” অর্থ পরিশিষ্ট-৫ এ উল্লিখিত লোগো ;

(চ) “বোর্ড” অর্থ জাতীয় রাজস্ব বোর্ড ;

(ছ) “শীতকাল” অর্থ গ্রেগোরিয়ান ক্যালেন্ডার বৎসরের নভেম্বর হইতে ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়কাল।

৩। **পোষাকের আইটেমসমূহ**।—কর্মকর্তা ও কর্মচারীগণের পোষাকের বিভিন্ন আইটেম পরিশিষ্ট-১, পরিশিষ্ট-২, পরিশিষ্ট-৩ এবং পরিশিষ্ট-৪ অনুযায়ী হইবে।

৪। **কর্তব্যকালীন পোষাক**।—দপ্তর এবং মাঠ পর্যায়ে কর্তব্য পালনকালীন সময় কর্মকর্তা ও কর্মচারীগণ নিম্নের টেবিলে বর্ণিত পোষাক পরিধান করিবেন, যথা :—

**টেবিল-১**

| নং | পোষাক ও অন্যান্য উপাদান | বিবরণ এবং প্রযোজ্য কর্মকর্তা ও কর্মচারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | হেড ড্রেস (Head dress) | (১) পিক ক্যাপ (Peak Cap)ঃ<br>(ক) তিনটি কাপড়ের ওয়েল্ট (Welt) দ্বারা তৈরি গাঢ় জলপাই রঙের সিন্থেটিক কাপড়ের পিক ক্যাপ, যাহার মোট গভীরতা ৪.২৫ ইঞ্চি, ক্যাপ ফিটিং ২১.৭৫ ইঞ্চি পরিধির জন্য টপে ১০.৩৭৫ ইঞ্চি ব্যাস, পরিধির প্রতি ০.২৫ ইঞ্চির জন্য টপের ব্যাস ০.১২৫ ইঞ্চি বড় বা ছোট, যাহা দ্বারা ক্যাপটি উক্ত বর্ণনা অপেক্ষা বেশী বা কম আকারে পরিবর্তিত হইতে পারে।<br>(খ) ক্যাপটি শক্ত চামড়া দ্বারা তৈরি ব্যান্ডের উপর স্থাপিত থাকিবে, যাহার কালো প্যাটেন্ট চামড়ার চিন স্ট্র্যাপ (Chin strap) ১.৭৫ ইঞ্চি প্রশস্ত ও ০.৩৭৫ ইঞ্চি পুরু হইবে এবং যাহার পিকের কোণাসমূহের পশ্চাতে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগ প্যাটার্নের দুই বোতাম দ্বারা বোতামবদ্ধ অবস্থায় থাকিবে।<br>(গ) নিম্নবর্ণিত কর্মকর্তাগণের ক্যাপের পিক হইবে পেটেন্ট চামড়া দ্বারা তৈরি, যাহাতে জলপাই পত্র সংবলিত দুইটি শাখার ১.১৫ ইঞ্চি প্রস্থের রূপালি এমব্রয়ডারী পিকের কোণাসমূহ হইতে ৪৫ ডিগ্রি কোণে সম্মুখের দিকে আসিয়া মিলিত হইবে এবং ক্যাপ ব্যাজ গাঢ় জলপাই রঙের কাপড়ের উপর রূপালি রঙের সুতা দ্বারা এমব্রয়ডারি করা দুইটি জলপাই পত্র সংবলিত শাখা বেষ্টিত নিম্নরূপ প্রতীক চিহ্নের হইবে, যথাঃ— |

| | | |
|---|---|---|
| | | (অ) কমিশনার ও মহাপরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার এবং মধ্যবর্তী ফাঁকা অংশে তিনটি গৌরব তারকা ;<br>(আ) অতিরিক্ত কমিশনার ও অতিরিক্ত মহাপরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার এবং মধ্যবর্তী ফাঁকা অংশে দুইটি গৌরব তারকা ;<br>(ই) যুগ্ম কমিশনার ও যুগ্ম পরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার এবং মধ্যবর্তী ফাঁকা অংশে একটি গৌরব তারকা ; এবং<br>(ঈ) উপ কমিশনার ও উপ পরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার।<br>(ঘ) নিম্নবর্ণিত কর্মকর্তাগণের ক্ষেত্রে ক্যাপের ব্যাজ হইবে সাদা গোলাকার কাপড়ের জমিনের উপরে সুতার এমব্রয়ডারি করা জলপাই পত্র সংবলিত দুইটি শাখা দ্বারা বেষ্টিত বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের ১.৫ ইঞ্চি ব্যাসের লোগো এবং উহার উপরিভাগে নিম্নরূপ প্রতীক চিহ্ন থাকিবে, যথা :—<br>(অ) সহকারী কমিশনার ও সহকারী পরিচালকের ক্ষেত্রে তিনটি গৌরব তারকা ;<br>(আ) রাজস্ব কর্মকর্তার ক্ষেত্রে দুইটি গৌরব তারকা ; এবং<br>(ই) সহকারি রাজস্ব কর্মকর্তার ক্ষেত্রে একটি গৌরব তারকা।<br>(২) বেরেট ক্যাপ (Beret Cap):<br>(ক) সাব-ইন্সপেক্টর ও সেপাইগণ মাথায় গাঢ় জলপাই রঙের বেরেট ক্যাপ পরিধান করিবেন, যাহার সম্মুখে ১.৭৫ ইঞ্চি ব্যাসের ০.১২৫ ইঞ্চি পুরুত্বসম্পন্ন পিতলের চাকতির উপর বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো থাকিবে।<br>(খ) কর্মকর্তাগণ বেরেট ক্যাপ পরিধান করিতে পারিবেন, তবে বেরেটের ব্যাজ উপরোল্লিখিত এন্ট্রি (১) এ বর্ণিত পদবি অনুযায়ী এবং রূপালি রঙের ধাতব জরি দ্বারা এমব্রয়ডারিকৃত হইতে হইবে। |
| ২। | গর্জেট প্যাচ (Gorget Patch) | (১) গর্জেট প্যাচ সমুদ্র নীল (ocean blue) ভিত্তির উপর রূপালি জরির সুতা দ্বারা এমব্রয়ডারিকৃত হইবে, যাহাতে নিম্নরূপ চিহ্ন থাকিবে, যথা :—<br>(ক) কমিশনার ও মহাপরিচালকের ক্ষেত্রে জলপাই পত্র সংবলিত বিপরীতমুখী লম্বালম্বি চারটি শাখা ; এবং<br>(খ) অতিরিক্ত কমিশনার ও অতিরিক্ত মহাপরিচালকের ক্ষেত্রে জলপাই পত্র সংবলিত একটি শাখা। |

| | | |
|---|---|---|
| | | (২) যথাযথ আকার ও অনুমোদিত বোতাম সংবলিত গর্জেট প্যাচের আকার হইবে নিম্নরূপ, যথা :— <br>(ক) শার্টের উপর ২″×১″ ; এবং <br>(খ) টিউনিকের উপর ৩.১২৫″×১.১২৫″ । <br>(৩) গর্জেট প্যাচ কলারের মাপসই আকৃতির এবং কলারের ভাঁজ হইতে ০.২৫″ দূরে পরিধান করিতে হইবে। |
| ৩। | বেল্ট (Belt) | (১) বেল্ট হইবে কালো চামড়ার তৈরি, যাহাতে একটি নিয়ন্ত্রণযোগ্য ৩″×১.৭৫″ আকারের সোনালি রঙের ধাতব প্লেটের বকলেস থাকিবে। <br>(২) বেল্টের বকলেসে নিম্নবর্ণিত এমবোসড লোগো থাকিবে, যথাঃ— <br>(ক) কমিশনার বা মহাপরিচালক হইতে সহকারী রাজস্ব কর্মকর্তা পর্যন্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে তীক্ষ্ণ দৃষ্টিশীল চোখে সতর্কভাবে প্রহরারত উড্ডয়নশীল একটি ঈগল এবং উক্ত ঈগলের কেন্দ্রে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো ; এবং <br>(খ) সাব-ইন্সপেক্টর হইতে সেপাই পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে কেবল বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো। |
| ৪। | পদবি ব্যাজ (Rank Badge) | (১) এপুলেটে পদবি ব্যাজ হইবে নিম্নরূপ, যথাঃ— <br>(ক) কমিশনার ও মহাপরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার (Golden Gateway) এবং তিনটি গৌরব তারকা (Glory Star) ; <br>(খ) অতিরিক্ত কমিশনার ও অতিরিক্ত মহাপরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার (Golden Gateway) এবং দুইটি গৌরব তারকা (Glory Star) ; <br>(গ) যুগ্ম কমিশনার ও যুগ্ম পরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার (Golden Gateway) এবং একটি গৌরব তারকা (Glory Star) ; <br>(ঘ) ডেপুটি কমিশনার ও উপ-পরিচালকের ক্ষেত্রে একটি সোনালি দ্বার (Golden Gateway) ; <br>(ঙ) সহকারী কমিশনার ও সহকারী পরিচালকের ক্ষেত্রে তিনটি গৌরব তারকা (Glory Star) ; <br>(চ) রাজস্ব কর্মকর্তার ক্ষেত্রে দুইটি গৌরব তারকা (Glory Star) ; <br>(ছ) সহকারী রাজস্ব কর্মকর্তার ক্ষেত্রে একটি গৌরব তারকা (Glory Star) ; |

| | | |
|---|---|---|
| | | (জ) সাব-ইন্সপেক্টরের ক্ষেত্রে তিনটি "V" চিহ্নিত রূপালি ধাতব প্লেট ; এবং<br>(ঝ) ৪ (চার) বৎসরের অধিক সময় কর্মরত সেপাই এর ক্ষেত্রে দুইটি "V" চিহ্নিত রূপালি ধাতব প্লেট এবং অন্যান্য সেপাই এর ক্ষেত্রে একটি "V" চিহ্নিত রূপালি ধাতব প্লেট।<br>(২) এপুলেটের বহিঃপ্রান্তে ইংরেজিতে বড় অক্ষরে ধাতব কাস্টিং এবং রূপালি পলিশ করা "CUSTOMS & VAT" লেখা থাকিবে। |
| ৫। | শার্ট | (১) শার্ট হালকা জলপাই রঙের মসৃণ টিসি কাপড় (Plain TC fabrics) দ্বারা তৈরি হইবে, যাহার সম্মুখের দিকে ছয়টি সমদূরত্বের বোতাম (equidistant buttons) এবং বোতামের ছিদ্রসহ খোলা থাকিবে।<br>(২) শার্টের বাটন হোল পুটি (button hole puttie) ১.৬২৫ ইঞ্চি চওড়া এবং বাটন ক্যাচ পুটি (button catch puttie) ১.৫ ইঞ্চি চওড়া হইবে।<br>(৩) শার্টের কলারের সেলাই হইতে ৫ ইঞ্চি ও বোতামের ছিদ্র হইতে ১.৭৫ ইঞ্চি দূরত্বে ৪.৭৫″×৫.৫″ আকারের পকেট থাকিবে, যাহার ধার গোলাকার হইবে এবং বুক পকেটের মধ্যভাগে প্লিট (pleat), উপরি ভাগে পয়েন্টেড (pointed) ফ্ল্যাপ ও ফ্ল্যাপের কোণে বোতামের জন্য ছিদ্র থাকিবে।<br>(৪) শার্টের আকার অনুসারে কাঁধের স্ট্র্যাপের প্রস্থ ২ ইঞ্চি হইতে ২.৫ ইঞ্চি হইবে, যাহা বোতামের গর্তের দিকে ক্রমান্বয়ে সংকুচিত হইয়া ১.৩৩ ইঞ্চি হইবে এবং যাহাতে র‍্যাঙ্ক ব্যাজ পরিধান করিবার জন্য পদবি অনুযায়ী ছিদ্র (hole) থাকিবে।<br>(৫) গ্রীষ্মকালের জন্য হাফ হাতা শার্ট এবং শীতকালের জন্য ফুল হাতা শার্ট। |
| ৬। | বোতাম (Button) | পোষাকের জন্য ০.৫ ইঞ্চি ব্যাসের অনুজ্জ্বল সোনালি রঙের গোলাকার হুক বিশিষ্ট বোতাম থাকিবে এবং বোতামের দৃশ্যমান অংশের উপরিভাগে "CUSTOMS & VAT" ইংরেজিতে লেখা এবং উহার কেন্দ্রে সোনালি দ্বার (golden gate) থাকিবে। |
| ৭। | ট্রাউজার (Trouser) | (১) ট্রাউজার গাঢ় জলপাই রঙের টিসি ড্রিল (drill) কাপড় দ্বারা তৈরি হইবে, যাহার ১.৫ ইঞ্চি চওড়া কোমর ব্যান্ডে ০.৫ ইঞ্চি প্রস্থ ও ২ ইঞ্চি লম্বা ৬টি বেল্ট লুপ (belt loop) এবং ক্রস পয়েন্টের ঠিক উপরে অনুমোদিত ট্যাক বাটন (tack button) থাকিবে। |

| | | |
|---|---|---|
| | | (২) ট্রাউজারের সম্মুখভাগের পকেট হইবে "L" আকৃতির ("L" shape), যাহা পার্শ্ব সেলাই হইতে ১ ইঞ্চি দূরত্ব হইতে শুরু হইয়া ৭ ইঞ্চি ওপেনিং সহ নিম্নের দিকে ক্রমান্বয়ে পার্শ্ব সেলাইয়ের সহিত মিলিয়া যাইবে।<br>(৩) ট্রাউজারে ৫″ ওপেনিং এবং ৬″ গভীরতা ১.৫ ইঞ্চি ফ্ল্যাপসহ দুইটি হিপ পকেট থাকিবে এবং উহার হেম হইবে ১.৭৫ ইঞ্চির।<br>(৪) মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য ফ্ল্যাপসহ ৫″ ওপেনিং এবং ৬″ গভীরতার দুইটি রুমি কার্গো পকেট (roomy cargo pocket) থাকিবে। |
| ৮। | ব্লেজার (Blazer) | (১) ব্লেজার গাঢ় জলপাই রঙের টিসি ড্রিল (drill) কাপড়ের একক ব্রেস্টেড (breasted) ফিটিং কোট আকৃতির হইবে, যাহাতে ৪.৫ ইঞ্চি প্রশস্ত ও ৫ ইঞ্চি গভীরতা বিশিষ্ট এবং ঊর্ধ্বাংশে দুইটি ক্রস প্যাচ বুক পকেট, পকেটের মধ্যস্থলে অনুমোদিত বোতাম দ্বারা আঁটা ২.২৫ ইঞ্চির বক্স প্লেট এবং পকেট কভার হিসাবে ২ ইঞ্চি গভীর ও ৪.৫ ইঞ্চি প্রস্থের বাটন হোলসহ ফ্ল্যাপ থাকিবে।<br>(২) ব্লেজারের কোমরের নীচে ৬ ইঞ্চি চওড়া ও ৮.২৫ ইঞ্চি গভীরতার দুইটি পকেট এবং পকেট কভার হিসাবে ২.২৫ ইঞ্চি গভীর ও ৬ ইঞ্চি প্রস্থের বাটন হোলসহ ফ্ল্যাপ এবং পকেটের শীর্ষ এমনভাবে কোণায় নামিয়া আসিবে যেন প্রয়োজনে পকেট প্রসারিত করা যায়।<br>(৩) ব্লেজারের সম্মুখভাগের মধ্যস্থলে স্থানে তিনটি অনুমোদিত বোতাম থাকিবে এবং একই উপাদানের তৈরি কাঁধের স্ট্র্যাপের প্রস্থ ২ ইঞ্চি হইতে ২.৫ ইঞ্চি হইবে, যাহা বোতামের গর্তের দিকে ক্রমান্বয়ে সংকুচিত হইয়া ১.৩৩ ইঞ্চি হইবে এবং যাহাতে র‍্যাঙ্ক ব্যাজ পরিধান করিবার জন্য পদবি অনুযায়ী ছিদ্র (holes) থাকিবে।<br>(৪) ব্লেজারের সহিত কৃষ্ণাভ মেরুন রঙের টাই পরিধান করিতে হইবে।<br>(৫) ব্লেজার শীতকালের দাপ্তরিক পোষাক হিসাবে ব্যবহৃত হইবে, তবে বিমানবন্দরে কর্মরত কর্মকর্তাবৃন্দ বৎসরের সকল সময় কর্তব্যরত অবস্থায় উহা পরিধান করিবেন। |
| ৯। | পুলওভার (Pullover) | (১) সেপাই এবং সাব-ইন্সপেক্টরগণ শীতকালে গাঢ় জলপাই রঙের পকেট ও ফ্ল্যাপবিশিষ্ট দীর্ঘ হাতা জার্সি পুলওভার পরিধান করিবেন, যাহার পকেটের আকার হইবে ৫″×৭″।<br>(২) পুলওভারের কাঁধের স্ট্র্যাপের প্রস্থ ২ ইঞ্চি হইতে ২.৫ হইবে যাহা বোতামের গর্তের দিকে ক্রমান্বয়ে সংকুচিত হইয়া ১.৩৩ ইঞ্চি হইবে এবং যাহাতে র‍্যাঙ্ক ব্যাজ পরিধান করিবার জন্য পদবি অনুযায়ী ছিদ্র (hole) থাকিবে। |

| | | |
|---|---|---|
| ১০। | নেমব্যাজ (Name badge) | (১) শার্টের বা টিউনিকের ডান পার্শ্বের পকেটের উপরিভাগে নেমব্যাজ থাকিবে।<br>(২) আন্তর্জাতিক বিমানবন্দর ও আন্তর্জাতিক সভা, সেমিনার বা সিম্পোজিয়ামে ইংরেজিতে এবং অন্যান্য ক্ষেত্রে বাংলায় নেমব্যাজ পরিধান করিতে হইবে।<br>(৩) আনুষ্ঠানিক পোষাক ও প্রধান পোষাকের নেমব্যাজ, যথাক্রমে, পরিশিষ্ট-১ ও পরিশিষ্ট-২ অনুযায়ী হইবে। |
| ১১। | ব্যাটন বা স্টিক (Batton or Stick) | কমিশনার ও মহাপরিচালকগণ এবং বিভাগীয় কর্মকর্তাগণ পরিশিষ্ট-৩ মোতাবেক ব্যাটন বা স্টিক ব্যবহার করিবেন। |
| ১২। | জুতা | (১) **বুট (Boot) জুতা:**<br>(ক) সিপাই হইতে সাব-ইন্সপেক্টর পর্যন্ত ব্যক্তিবর্গ কালো রঙের ৪(চার) হইতে ৬ (ছয়) ইঞ্চি শ্যাফট (shaft) এবং লেইসের জন্য ৯ (নয়) জোড়া আইলেট হোল (eyelet hole) বিশিষ্ট চামড়ার বুট জুতা পরিধান করিবেন।<br>(খ) বুটের উপরের অংশে গাসেট বা টাংগ (gusset or tongue) এবং টো ক্যাপে কোন স্ট্র্যাপ থাকিবে না।<br>(গ) বিশেষ প্রয়োজনে কর্মকর্তাগণ বুট ব্যবহার করিতে পারিবেন।<br>(২) **অক্সফোর্ড সু (Oxford Shoe):**<br>সহকারী রাজস্ব কর্মকর্তা ও তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ ৫(পাঁচ) টি আইলেটসহ প্লেইন টো (plain toe) বিশিষ্ট কালো অক্সফোর্ড স্টাইল জুতা কালো মোজার সহিত পরিধান করিবেন।<br>(৩) **ক্যানভাস জুতা (Canvas Shoe):**<br>সেপাই ও সাব-ইন্সপেক্টরগণ কালো মোজাসহ বাদামী রঙের ক্যানভাস জুতা পরিধান করিবেন অন্যান্য কর্মকর্তাগণ শারীরিক কসরৎ এর সময় সাদা ক্যানভাস জুতা ও সাদা মোজা পরিধান করিবেন। |
| ১৩। | রিবন (Ribon) | (১) জ্যাকেট বা শার্টের বাম বুক পকেটের ঠিক উপরে ব্যবধান ছাড়াই রিবন পরিধান করিতে হইবে, যাহার দৈর্ঘ্য হইবে ১.৭৫ ইঞ্চি।<br>(২) এক সারির মধ্যে রিবন পরিধানের জন্য পর্যাপ্ত স্থান না থাকিলে দুই বা ততোধিক সারিতে, ০.৫ ইঞ্চি এর বেশী নয় এইরূপ, বাম বুক পকেটের বোতামের উপর সারির উপর রিবন পরিধান করিতে হইবে এবং প্রতি সারিতে কেবল তিনটি রিবন ব্যবহার করা যাইবে |

| | | |
|---|---|---|
| ১৪। | পদক (Medal) | কর্মকর্তাগণ বিশেষ কৃতিত্বপূর্ণ কাজ, জ্যেষ্ঠতা, বিশেষ প্রশিক্ষণ এবং কোনো বিশেষ ক্ষেত্রে প্রাপ্ত পদকসমূহ, বোর্ডের নির্দেশনা অনুসারে, পরিধান করিতে পারিবেন। |
| ১৫। | ভেস্ট কোট (Vest coat) | (১) গোয়েন্দা বিভাগ ও বিভিন্ন দপ্তরের নিবারক দলসমূহ অফিস প্রধানের নির্দেশনা অনুসারে নির্দিষ্ট পরিমাপ ও আকারের ভেস্ট কোট পরিধান করিবেন।<br>(২) ভেস্ট কোটের সম্মুখ বা পশ্চাৎ অংশে সংশ্লিষ্ট নিবারক দলের দাপ্তরিক পরিচয় উল্লেখ থাকিবে। |

**৫। আনুষ্ঠানিক পোষাক।**—কর্মকর্তা ও কর্মচারীগণের আনুষ্ঠানিক পোষাক নিম্নবর্ণিত টেবিলের বর্ণনা মোতাবেক হইবে, যথাঃ—

**টেবিল-২**

| নং | পোষাক ও অন্যান্য উপাদান | বিবরণ এবং প্রযোজ্য কর্মকর্তা ও কর্মচারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | হেড ড্রেস (Head Dress) | সহকারী রাজস্ব কর্মকর্তা এবং তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ টেবিল-১ এর ১ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রি (১) এ বর্ণিত পিক ক্যাপ পরিধান করিবেন এবং সেপাই ও সাব-ইন্সপেক্টরগণ, একই নিয়মে, উল্লিখিত বর্ণের নির্ধারিত র‍্যাঙ্ক অনুযায়ী বেরেট ক্যাপ পরিধান করিবেন। |
| ২। | টিউনিক (Tunic) | (১) রাজস্ব কর্মকর্তা ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ অনুষ্ঠান উপলক্ষ্যে শীতকালে নিম্নবর্ণিত বর্ণনার টিউনিক পরিধান করিবেন, যথাঃ—<br>(ক) গাঢ় জলপাই রঙের টিসি ড্রিল কাপড়ের একক ব্রেস্টেড (breasted) কোট, যাহার বুক এবং কাঁধ আলগা (loose) কিন্তু কোমর লাগানো (fitted);<br>(খ) ৫ (পাঁচ) ইঞ্চি প্রশস্ত এবং ফ্লাপের টপ পর্যন্ত ৬ (ছয়) ইঞ্চি গভীরতার উর্ধাংশে দুইটি ক্রস প্যাচ বুক পকেট, পকেটের কেন্দ্রে অনুমোদিত বোতাম দ্বারা আঁটা ২.২৫ ইঞ্চির বক্স প্লেট, পকেট কভার হিসাবে ২.৫ ইঞ্চি গভীর ও ৬.৫ ইঞ্চি প্রস্থের বাটন হোলসহ ফ্ল্যাপ থাকিবে;<br>(গ) কোমরের নীচে দুইটি প্রসারিত পকেট, উপরের দিকে ৬.৫ ইঞ্চি চওড়া ও নীচে ৭.৫ ইঞ্চি এবং পকেটের গভীরতা ৮.২৫ ইঞ্চি, পকেটের উপরের অংশ অনুমোদিত বোতাম দ্বারা আঁটা, পকেট কভার হিসাবে |

| | | |
|---|---|---|
| | | ৩.২৫ ইঞ্চি গভীর এবং ৬.৫ ইঞ্চি প্রস্থের বাটন হোলসহ ফ্ল্যাপ এবং পকেটের শীর্ষ এমনভাবে কোণায় নামিয়া আসিবে যেন প্রয়োজনে পকেট প্রসারিত করা যায়;<br>(ঘ) পকেটের সম্মুখভাগের মধ্যস্থানে চারটি অনুমোদিত বোতাম থাকিবে;<br>(ঙ) কাঁধের স্ট্র্যাপ একই উপাদানের কাপড়ের তৈরি হইবে, যাহা অনুমোদিত ছোট বোতামের সহিত আঁটা এবং উহার উপর সোনালী রঙের পলিশ করা ধাতব কাস্টিং এ "Customs and VAT" লেখা থাকিবে;<br>(চ) সাদা রঙ এর শার্ট এবং কৃষ্ণাভ মেরুন রঙ এর টাই এর সহিত টিউনিক পরিধান করিতে হইবে।<br>(২) গ্রীষ্মকালের অনুষ্ঠানে উপরোল্লিখিত এন্ট্রি (১) এ বর্ণিত টিউনিক এর পরিবর্তে বাদামী জলপাই রঙের টিসি ড্রিল কাপড়ের তৈরি রেগুলেশন প্যাটার্নের হাফ হাতা বুশ শার্টের টিউনিক এবং একই কাপড়ের তৈরি ট্রাউজার পরিধান করিতে হইবে এবং কর্মকর্তাগণ অফিসে গ্রীষ্মকালীন টিউনিক ব্যবহার করিতে পারিবেন। |
| ৩। | ট্রাউজার | টেবিল-১ এর ৭ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রিতে উল্লিখিত বর্ণনা অনুযায়ী একই কাপড়ের তৈরি ম্যাচিং করা ট্রাউজার। |
| ৪। | র‍্যাঙ্ক ব্যাজ | র‍্যাঙ্ক এবং এনটাইটেলমেন্টের ভিত্তিতে র‍্যাঙ্ক ব্যাজ, গর্জেট প্যাচ এবং পদক পরিধান করিতে হইবে। |
| ৫। | জুতা | কর্মকর্তাগণ টেবিল-১ এর ১২ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রি (২) এ উল্লিখিত অক্সফোর্ড স্টাইল জুতা কালো মোজার সহিত পরিধান করিবেন। |
| ৬। | এইগুইলেট (Aiguillette) | (১) কমিশনার, মহাপরিচালক, অতিরিক্ত কমিশনার, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম কমিশনার ও যুগ্ম পরিচালকগণ শীতকালীন টিউনিকের সহিত রুপালী রঙের এইগুইলেট এবং গ্রীষ্মকালীন টিউনিকের সহিত সোনালী রঙের এইগুইলেট পরিধান করিবেন।<br>(২) এইগুইলেট বাম বুকের পকেটে রাখিতে হইবে। |

৬। **নারী কর্মকর্তা ও কর্মচারীগণের ইউনিফর্ম**।—নারী কর্মকর্তা ও কর্মচারীগণ সম্মুখের দিকে ৪ (চার) পকেটবিশিষ্ট হালকা জলপাই রঙের মসৃন টিসি কাপড় (plain TC fabrics) এর হাফ হাতা বা ফুল হাতা লং শার্ট ফ্লাই করিয়া এবং গাঢ় জলপাই রঙ এর টিসি ড্রিল কাপড়ের তৈরি ট্রাউজার পরিধান করিবেন।

(২) বোর্ড কর্তৃক অনুমোদিত উপকরণ ও পদ্ধতিতে তৈরি হালকা জলপাই রঙের মাথা আবৃত করিবার মতো উপযুক্ত মাপের শিফন (schiffon) কাপড়ের স্কার্ফ (scarf) পরিধান করা যাইবে।

৭। **প্রশিক্ষণকালীন পোষাক**।—(১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে প্রশিক্ষণকালীন সময়ে শারীরিক প্রশিক্ষণ, বিশেষ প্রশিক্ষণ, কুচকাওয়াজ ও খেলাধুলার পোষাক একাডেমীর মহাপরিচালক বা তৎকর্তৃক মনোনীত কর্মকর্তা কর্তৃক নির্ধারিত হইবে।

(২) বুনিয়াদী প্রশিক্ষণকালে কোনো কর্মকর্তা বা কর্মচারীর র‍্যাঙ্ক-ব্যাজ থাকিবে না, কেবল সফল প্রশিক্ষণ সমাপ্তিকালীন কুচকাওয়াজের সময় হইতে র‍্যাঙ্ক-ব্যাজ পরিধান করা যাইবে।

৮। **ড্রাইভারগণের পোষাক**।—ড্রাইভারগণ নিম্নের টেবিলে বর্ণিত পোষাক পরিধান করিবেন, যথা :—

**টেবিল-৩**

| নং | পোষাক ও অন্যান্য উপাদান | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | হেড ড্রেস (Head Dress) | টেবিল ১ এর ১ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রি (২) এ বর্ণিত বেরেট ক্যাপ পরিধান করিবেন। |
| ২। | বেল্ট (Belt) | টেবিল ১ এর ৩ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রির বর্ণনা মোতাবেক সাব- ইন্সপেক্টর হইতে সেপাই পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য প্রযোজ্য বেল্ট পরিধান করিবেন। |
| ৩। | শার্ট | টেবিল-১ এর ৫ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রিতে বর্ণিত আকার ও ধরনের সাদা রঙের মসৃণ টিসি কাপড় (plain TC fabrics) এর শার্ট, তবে কাঁধের স্ট্র্যাপে র‍্যাঙ্ক-ব্যাজ লাগাইবার জন্য কোন ছিদ্র (hole) থাকিবে না। |
| ৪। | প্যান্ট | টেবিল-১ এর ৭ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রিতে উল্লিখিত বর্ণনা অনুযায়ী গাঢ় নীল রঙের টিসি ড্রিল (drill) কাপড় দ্বারা তৈরি প্যান্ট পরিধান করিবেন। |
| ৫। | নেমব্যাজ (Name badge) | শার্টের ডান পাশের পকেটের উপরিভাগে বাংলায় যথাযথ নাম লেখা নেমব্যাজ থাকিবে এবং নেমব্যাজ পরিশিষ্ট-২ অনুযায়ী হইবে। |
| ৬। | বুট জুতা | টেবিল-১ এর ১২ নং ক্রমিকের বিপরীতে (৩) নং কলামের এন্ট্রি (১) এ উল্লিখিত বুট জুতা পরিধান করিবেন। |

৯। **ইউনিফর্মে পরিচয় চিহ্নের ব্যবহার**।—(১) কর্মকর্তা ও কর্মচারীগণ, এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, পরিশিষ্ট-৪ এ বর্ণিত বিবরণ ও নকশা অনুযায়ী, উক্ত পরিশিষ্টে উল্লিখিত পরিচয় চিহ্ন ব্যবহার করিবেন।

(২) কর্মকর্তা ও কর্মচারীগণ ডান বাহুর উপরিভাগে রাইট স্লিভ ইনসাইনিয়া (Right Sleeve Insignia) পরিচয় চিহ্ন পরিধান করিবেন।

(৩) যে সকল কর্মকর্তা ও কর্মচারী শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, সেন্ট্রাল ইন্টিলিজেন্স সেল, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং মূল্য সংযোজন কর দপ্তরে পদস্থ হইবেন, অথবা যাহারা কোনো এনফোর্সমেন্টের দায়িত্বে থাকিবেন, তাহার বাঘের মুখ ও দপ্তরের নাম সংবলিত লেফট স্লিভ ইনসাইনিয়া (Left Sleeve Insignia) পরিচয় চিহ্ন পরিধান করিবেন।

(৪) বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের অন্যান্য দপ্তরের (কাস্টম হাউস, ভ্যাট কমিশনারেট, আপিল কমিশনারেট, ইত্যাদি) কর্মকর্তা ও কর্মচারীগণ গোলাপফুল ও দপ্তরের নাম সংবলিত লেফট স্লিভ ইনসাইনিয়া (Left Sleeve Insignia) পরিচয় চিহ্ন পরিধান করিবেন।

(৫) গেজেটেড কর্মকর্তাগণ এমব্রয়ডারি করা এবং অন্যান্যরা প্রিন্ট করা রাইট চেস্ট ইনসাইনিয়া (Right Chest Insignia) পরিচয় চিহ্ন ইউনিফর্মের বুকের ডান পার্শ্বের উপরিভাগে পরিধান করিবেন।

১০। **ইউনিফর্ম তৈরি ও ধোলাই ভাতা**।—কর্মকর্তা ও কর্মচারীগণ, সরকারের অন্যান্য ইউনিফর্মধারী সংস্থার সহিত সংগতি রাখিয়া, ইউনিফর্ম তৈরি ও ধোলাই এর জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রাপ্য হইবেন।

১১। **আদেশ প্রদানের ক্ষমতা**।— বোর্ড, নির্বাহী আদেশের মাধ্যমে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) আনুষ্ঠানিকভাবে ইউনিফর্ম চালুর সময়সূচি এবং বিশেষ বিশেষ অনুষ্ঠানের জন্য পোষাক নির্ধারণ;

(খ) যানবাহন তথা গাড়ী এবং নৌযানসমূহের রং, পরিচিতি নির্দেশক লেখা, লোগো, ডিজাইন, ইত্যাদি নির্ধারণ;

(গ) অফিস সহকারী, নৌযান চালক, টেকনিক্যাল স্টাফ এবং সহায়ক কর্মচারীদের পোষাক নির্ধারণ;

(ঘ) প্যারেড, প্রশিক্ষণ, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠকের জন্য পতাকা এবং বিভিন্ন কৃত্যভিত্তিক সেবাকর্মীদের (service specialty) জন্য পরিচিতিমূলক পতাকার ডিজাইন নির্ধারণ;

(ঙ) কৃতিত্বপূর্ণ সেবার জন্য মেডেল ও রিবনের রং এবং ডিজাইন নির্ধারণ।

## পরিশিষ্ট-১
[বিধি ৩ দ্রষ্টব্য]

### আনুষ্ঠানিক পোষাকের নেমব্যাজ

| নং | বিবরণ | উপাদান/পরিমাপ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | উপাদান | প্লাস্টিক শিট (গাঢ় জলপাই) |
| ২। | দৈর্ঘ্য | ৩.৫″ |
| ৩। | পুরুত্ব | ০.১২৫″ |
| ৪। | প্রস্থ | ১″ |
| ৫। | লেটারিং | সাদা |
| ৬। | ব্রাস পিনের দৈর্ঘ্য | ২-১৬/৫″ |
| ৭। | ব্রাস পিন গজ | ১৬ এসডব্লিউজি |
| ৮। | হুকের আকার | ১৬/৩″ |

নোট : চতুর্পার্শ্বে সমদূরত্ব বজায় রাখিবার জন্য প্লাস্টিকের শীটের উপর বর্ণমালা খোদাই করা থাকিবে এবং নেমব্যাজে ইংরেজিতে রক্তের গ্রুপ লেখা থাকিবে।

## পরিশিষ্ট-২
[বিধি ৩ দ্রষ্টব্য]

### প্রধান পোষাকের নেমব্যাজ

| নং | বিবরণ | উপাদান/পরিমাপ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | উপাদান | গাঢ় জলপাই কাপড় দ্বারা আচ্ছাদিত কঠিন রাবার (ভেল-ক্রো সিস্টেম) |
| ২। | দৈর্ঘ্য | ৪″ |
| ৩। | পুরুত্ব | ১/৬″ |
| ৪। | প্রস্থ | ১″ |
| ৫। | লেটারিং | সাদা |

নোট : চতুর্পার্শ্বে সমদূরত্ব বজায় রাখিবার জন্য প্লাস্টিকের শীটের উপর বর্ণমালা খোদাই করা থাকিবে এবং নেমব্যাজে ইংরেজিতে রক্তের গ্রুপ লেখা থাকিবে।

**পরিশিষ্ট-৩**

[বিধি ৩ দ্রষ্টব্য]


**ড্রেস এবং অন্যান্য উপাদান**

| নং | পোষাক ও অন্যান্য উপাদান | পদবি | বিবরণ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | ৪ |
| ১। | শার্ট, প্যান্ট ও ব্লেজার বা জ্যাকেট | সকল পর্যায়ের কর্মকর্তা (সহকারী রাজস্ব কর্মকর্তা হইতে কমিশনার বা মহাপরিচালক) | (১) **গ্রীষ্মকাল :**<br>(ক) শার্ট-হালকা জলপাই রঙ বিশিষ্ট।<br>(খ) প্যান্ট-গাঢ় জলপাই রঙের ফুল প্যান্ট Oxford জুতার মাথা পর্যন্ত।<br>(২) **শীতকাল :**<br>(ক) শার্ট-হালকা জলপাই রঙ এর ফুল হাতা বিশিষ্ট।<br>(খ) প্যান্ট-গাঢ় জলপাই রঙের ফুল প্যান্ট Oxford জুতার মাথা পর্যন্ত।<br>(গ) ব্লেজার বা জ্যাকেট-গাঢ় জলপাই রঙ বিশিষ্ট। |
| ২। | বেল্ট (Belt) | সেপাই ও সকল পর্যায়ের কর্মকর্তা | (১) বেল্টের বকলেস হইবে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের মূল পরিচয় চিহ্ন সংবলিত।<br>(২) ডানদিকে বিশেষ পরিচয় বহনকারী কার্ড থাকিবে।<br>(৩) বিশেষ পরিচয় বহনকারী কার্ডটি চামড়ার উপরে সোনালি রঙের ধাতবযুক্ত হইবে।<br>(৪) পরিচয় বহনকারী কার্ডের পিছনে কর্মকর্তার নাম ও পদবি এম্বুশ (উষ্ণ ছাপ) আকারে থাকিবে। |
| ৩। | জুতা | সেপাই ও সকল পর্যায়ের কর্মকর্তা | (১) সেপাই হইতে সাব-ইন্সপেক্টর পর্যন্ত বুট জুতা (Oxford) ।<br>(২) সহকারী রাজস্ব কর্মকর্তা হইতে কমিশনার ও সমপর্যায়ের কর্মকর্তা পর্যন্ত অক্সফোর্ড (Oxford) জুতা। |
| ৪। | মোজা | সেপাই ও সকল পর্যায়ের কর্মকর্তা | কালো রঙ এর মোজা। |
| ৫। | টাই | সকল পর্যায়ের কর্মকর্তা | কৃষ্ণাভ মেরুন রঙ এর টাই। |
| ৬। | ব্যাটন বা স্টিক (Batton o r Stick) | কমিশনার এবং বিভাগীয় কর্মকর্তা | (১) কমিশনার এবং বিভাগীয় কর্মকর্তাগণ ১টি ব্যাটন ব্যবহার করিবেন। |

| (১) | (২) | (৩) | ৪ |
|---|---|---|---|
| | | | (২) ব্যাটন বেত বা কাঠের তৈরি হইবে এবং উহার রঙ হইবে পালিশ wooden ।<br>(৩) দৈর্ঘ্য ২৪″, ব্যাস ৩/৪″ উপরের দিকে এবং নিচের দিকে ক্রমশ সরু হইবে ১/২″ পর্যন্ত।<br>(৪) ২.৫″ ব্যাসের সিলভার রঙ এর একটি কাস্টমসের মনোগ্রাম সংবলিত ব্যান্ড ব্যাটনের উপরের অংশে জড়ানো থাকিবে এবং সরু অংশে নিচ হইতে ১″ সিলভার ধাতব ব্যান্ড থাকিবে। |
| ৭। | কলারের গর্জেট (Gorget) | কমিশনার বা অতিরিক্ত কমিশনার | কলারের গর্জটি (Gorget) হইবে সিলভার রঙ এর। |
| ৮। | রেইন কোট | সকল পর্যায়ের কর্মকর্তা | হালকা জলপাই রঙের লম্বা (Long) রেইন কোট, যাহা ক্যাপ চেইন দ্বারা সংযুক্ত থাকিবে। সামনে "বাংলাদেশ কাস্টমস" এর মনোগ্রাম এবং পিছনে ক্যাপিটাল লেটারে "CUSTOMS & VAT" লেখা থাকিবে। |
| ৯। | বাঁশি | সেপাই বা সাব-ইন্সপেক্টর | সিলভার রঙ এর বাঁশি ব্যবহার করিবেন এবং বাঁশিতে "CUSTOMS & VAT" এর মনোগ্রাম থাকিবে ও উহা বাম কাঁধের সহিত সাঁটানো থাকিবে। |
| ১০। | হ্যাট বা ক্যাপ | সকল পর্যায়ের জন্য (সহকারী রাজস্ব কর্মকর্তা হইতে কমিশনার বা মহাপরিচালক পর্যন্ত) | (১) **ব্যারেট ক্যাপ :**<br>(ক) প্যান্টের রঙের সহিত সামঞ্জস্য রাখিয়া গাঢ় রঙের ব্যারেট ক্যাপ ব্যবহৃত হইবে।<br>(খ) লোগো হইবে রূপালি রঙের ব্যাকগ্রাউন্ডের উপরে সোনালি রঙের বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের মনোগ্রাম।<br>(২) **সেরিমোনিয়াল ক্যাপ :**<br>বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে। |
| ১১। | সেরিমোনিয়াল ড্রেস | সকল কর্মকর্তা | শীতকালীন পোশাকের ন্যায় হইবে। |
| ১২। | মহিলা কর্মকর্তা-কর্মচারীদের পোশাক এবং অন্যান্য উপাদান | সেপাই হইতে কমিশনার বা মহাপরিচালক পর্যন্ত | পোশাকের রঙ, র‍্যাঙ্ক-ব্যাজ, ইত্যাদি উপরোল্লিখিত প্রস্তাবনা অনুযায়ী হইবে, তবে সার্টের ডিজাইন (সাফারির ন্যায়) এবং বেল্ট পরিধান করিবার ধরন ভিন্ন হইবে। |

## পরিশিষ্ট-৪
[বিধি ৩ ও ৯ দ্রষ্টব্য]

## ইউনিফর্মের বিভিন্ন পরিচয় চিহ্ন

| নং | পরিচয় চিহ্ন | বর্ণনা | নমুনা ছবি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | ৪ |
| ১। | গৌরব তারকা (Glory Star) | ধাতব রূপালি রঙের গোলাকার বৃত্তের মাঝখানে বাংলাদেশের জাতীয় ফুল শাপলা এবং বৃত্তের বাহিরের অংশ তরঙ্গাকার ধারালো কিনার দ্বারা বেষ্টিত। |  |
| ২। | সোনালি দ্বার (Golden Gateway) | রূপালি রঙের জলপাইয়ের শাখা সংবলিত পত্রগুচ্ছের মধ্যস্থলে ধাতব সোনালি রঙের একটি লোহার দরজা এবং উপরিভাগে বাংলাদেশের জাতীয় ফুল শাপলা। |  |
| ৩। | গর্জেট (Gorget) | সমুদ্র নীল (ocean blue) ভিত্তির উপর রূপালি জরির সুতা দ্বারা এমব্রয়ডারি করা—<br>(ক) কমিশনার ও মহাপরিচালকের ক্ষেত্রে জলপাই পত্র সংবলিত বিপরীতমুখী চারটি শাখা; এবং<br>(খ) অতিরিক্ত কমিশনার ও অতিরিক্ত মহাপরিচালকের ক্ষেত্রে জলপাই পত্র সংবলিত একটি শাখা। |  |
| ৪। | রাইট চেস্ট ইনসাইনিয়া (Right Chest In signia) | তীক্ষ্ম দৃষ্টিশীল চোখে সতর্কভাবে প্রহরারত দুই ডানাওয়ালা উড্ডয়নশীল ধাতব সোনালি রঙের একটি বাজপাখি এবং বাজপাখির কেন্দ্রে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো। |  |

| (১) | (২) | (৩) | ৪ |
|---|---|---|---|
| ৫। | রাইট স্লিভ ইনসাইনিয়া (Right Sleeve Insignia) | নীল রঙ এর ভিত্তির উপরে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট লেখা এবং বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো, যাহার চতুর্দিকে সোনালি রঙের সুতা দ্বারা এমব্রয়ডারি করা। |   |
| ৬। | লেফট স্লিভ ইনসাইনিয়া (Left Sleeve Insignia) | ১। তীক্ষ্ণ দৃষ্টিশীল চোখে সতর্কভাবে প্রহরারত দুই ডানা ওয়ালা উড্ডয়নশীল ঈগলের কেন্দ্রে বাঘের মুখ এবং নিম্নে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো সংবলিত একটি পরিচয় চিহ্ন। |  |
| | | ২। তীক্ষ্ণ দৃষ্টিশীল চোখে সতর্কভাবে প্রহরারত দুই ডানা ওয়ালা উড্ডয়নশীল ঈগলের কেন্দ্রে গোলাপ ফুল এবং নিচে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো সংবলিত একটি পরিচয় চিহ্ন। |  |

**পরিশিষ্ট-৫**

[বিধি ২(ঙ) দ্রষ্টব্য]

| বিষয় | বিবরণ |
|---|---|
| বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট বিভাগের লোগো | সাদা বৃত্তাকার ক্ষেত্রের উপর দুই পার্শ্বে দুইটি সোনালি রঙের জলপাই পাতার শাখা বেষ্টিত বিপরীতমুখী দুইটি গাঢ় নীল রঙের অর্ধবৃত্তাকার চাকতির মধ্যস্থানে লাল রঙের বৃত্ত এবং চাকতি দুইটির উপরস্থ সংযোগস্থলে সোনালি রঙের শাপলা যাহার নিচে ইংরেজিতে বড় অক্ষরে নীল রঙের "BANGLADESH CUSTOMS" লিখিত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd